

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
আইসিটি সেল
www.mor.gov.bd

রেলপথ মন্ত্রণালয়ে গঠিত ইনোভেশন টিমের ফেব্রুয়ারি ২০১৭ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতি	ঃ	জনাব মোঃ ফিরোজ সালাহু উদ্দিন, সচিব, রেলপথ মন্ত্রণালয়।
তারিখ	ঃ	৩০.০৩.২০১৭ খ্রিস্টাব্দ।
সময়	ঃ	বিকাল ১২.৩০ ঘটিকা।
স্থান	ঃ	রেলভবনস্থ ৯ম তলার সভা কক্ষে (কক্ষ নং ৯৩০)

২। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা ও পরিশিষ্ট ‘ক’।

৩। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভার আলোচ্য বিষয় উপস্থাপন করার জন্য এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসার কমল কৃষ্ণ ভট্টাচার্য কে আহ্বান করেন। অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসার সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা এবং অত্র মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের ২০১৭ সালের বাংসরিক উন্নাবনী কর্মপরিকল্পনা অনুযায়ী আজকের এ সভা আহ্বান করা হয়েছে। সে অনুযায়ী বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
০১	<p>স্টেশনে Train স্থির থাকা অবস্থায় ট্রেনের টয়লেট ব্যবহার না করার জন্য যাত্রীদের পরামর্শ দিলেও তা প্রতিপালন হচ্ছে না। স্টেশনে অবস্থানরত অবস্থায় টয়লেট ব্যবহার করলেও যাতে ময়লা মাটিতে না পড়ে সে বিষয়ে টয়লেটগুলিতে নতুন সরল প্রযুক্তি ব্যবহার করে টয়লেট ব্যবহার উন্নয়ন বিষয়ে আলোচনা হয়।</p>	<p>রেলওয়ের টয়লেটগুলো স্থানীয় সরল প্রযুক্তি ব্যবহার করে উন্নত করতে হবে।</p>	<p>১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে ২। অতিরিক্ত মহাপরিচালক (আরএস), বাংলাদেশ রেলওয়ে</p>
০২	<p>যাত্রীগণ যাতে আরো সুন্দর/সহজভাবে ট্রেনে উঠতে ও নামতে পারে সেজন্য বাংলাদেশ রেলওয়ের বগিগুলো আরো সুন্দরভাবে বিন্যাস (Alignment) করার বিষয়ে আলোচনা হয়।</p>	<p>নতুন করে ট্রেনের বগি বিন্যাস (Alignment) করার বিষয়ে আরো পরীক্ষা-নিরীক্ষা করতে হবে।</p>	<p>১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে ২। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে ৩। সিএসটিই/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে</p>

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 (মোঃ ফিরোজ সালাহু উদ্দিন)
 সচিব, রেলপথ মন্ত্রণালয়,
 রেলভবন, ঢাকা